অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/30/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল MTA-র মূলধনী কর্মসূচির ওপর ফেডারেল শুল্কের কারণে সৃষ্ট উল্লেখযোগ্য ঝুঁকিগুলো তুলে ধরেন

MTA-র শুল্ক বিশ্লেষণে নতুন রোলিং স্টক কেনার ওপর 1 বিলিয়ন ডলারের করের বিষয়টি চিহ্নিত হয়েছে যা 250টিরও বেশি নতুন সাবওয়ে কার কেনার সমতুল্য

বাণিজ্য সচিব লুটনিক এবং বাণিজ্য প্রতিনিধি গ্রিয়ারের কাছে গভর্নর হোকল এর চিঠিটি এখানে পাওয়া যাবে

শুল্কের প্রভাব বিষয়ক MTA বোর্ডের উপস্থাপনা এখানে পাওয়া যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, সেপ্টেম্বর মাসে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA)-র বোর্ড সভায় উপস্থাপিত একটি নতুন প্রতিবেদনে দেখা গেছে, Trump (ট্রাম্প) প্রশাসনের শুল্ক নীতির কারণে MTA-র নতুন সাবওয়ে কার, কমিউটার রেলের বগি ও বাস কেনার মাধ্যমে যানবাহন আধুনিকীকরণের পরিকল্পনায় খরচ 1 বিলিয়ন ডলার বেড়েছে। এই রিপোর্টের পরিপ্রেক্ষিতে, গভর্নর সরাসরি যুক্তরাষ্ট্রের বাণিজ্যমন্ত্রী Howard Lutnick (হাওয়ার্ড লুটনিক) এবং যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি অ্যাম্বাসেডর Jamieson Greer (জেমিসন গ্রিয়ার) এর কাছে চিঠি লিখে ট্রানজিট রোলিং স্টক (পরিবহন যান) ক্রয়কে বর্তমান শুল্ক ব্যবস্থার আওতা থেকে ছাড়ের অনুরোধ জানিয়েছেন। MTA বর্তমানে তাদের যানবাহন বহরের এক যুগান্তকারী আধুনিকীকরণের প্রক্রিয়ার মধ্য দিয়ে যাচ্ছে। সহস্রাধিক নতুন যানবাহন কেনার জন্য 23 বিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে, এমন এক বিনিয়োগ যা এই যানবাহন এবং এগুলোর প্রয়োজনীয় যন্ত্রাংশ প্রস্তুতকারী কোম্পানিগুলোতে নিউ ইয়র্কের সহস্রাধিক মানুষের কর্মসংস্থান বজায় রাখতে সহায়তা করবে।

"Donald Trump (ডোনাল্ড ট্রাম্প) এর বেপরোয়া বাণিজ্য যুদ্ধ শুধু নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য মূল্যবৃদ্ধিই করে না, এটি সরকারের বড় ও উচ্চাভিলাষী প্রকল্পগুলো বাস্তবায়নের সক্ষমতাকেও মারাত্মকভাবে হুমকির মুখে ফেলে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "গণপরিবহন ব্যবস্থায় নিউ ইয়র্কের ঐতিহাসিক বিনিয়োগের মধ্যে রয়েছে রেল ও বাস বহরের ইতিহাসে সর্ববৃহৎ উন্নয়নের পরিকল্পনা, কিন্তু ট্রাম্পের আরোপিত শুল্ক পরিবহন খাতের ওপর 1 বিলিয়ন ডলারের বাড়তি বোঝা চাপিয়েছে এবং এই উন্নয়ন কার্যক্রমকে ঝুঁকির মুখে ফেলেছে। যাতায়াতের জন্য আমাদের পুরো অঞ্চলটি MTA-এর ওপর নির্ভরশীল এবং পরিকল্পিত এই

বিনিয়োগ নিউ ইয়র্কে সহস্রাধিক উন্নত মানের কর্মসংস্থান টিকিয়ে রাখার প্রতিশ্রুতি দেয়; তাই এই বেপরোয়া শুল্কগুলো অবিলম্বে বন্ধ করতে হবে।"

MTA-র সাবওয়ে গাড়ির সর্বশেষ সংস্করণ R211s মডেলের গাড়িগুলো, যা বর্ণ-চিহ্নিত সাবওয়ে লাইন ও স্ট্যাটেন আইল্যান্ড রেলওয়েতে চলাচল করে, সেগুলো নেব্রাস্কা এবং ইয়ঙ্কার্সে অ্যাসেম্বল করা হয়। এগুলোর যন্ত্রাংশের 75 শতাংশেরও বেশি যুক্তরাষ্ট্রে তৈরি, যা ফেডারেল সরকারের নিয়ম অনুযায়ী ট্রানজিট সংস্থাগুলোর কেনাকাটার ক্ষেত্রে "Buy America (বাই আমেরিকা)" নীতির নির্ধারিত সীমার চেয়ে অনেক বেশি। তবে আধুনিক রেলকারের জন্য এমন কিছু আমদানিকৃত যন্ত্রাংশের প্রয়োজন হয়, যার কোনো দেশীয় বিকল্প মার্কিন নির্মাতাদের কাছে নেই।

রোলিং স্টক তৈরির জন্য প্রয়োজনীয় বিশেষায়িত যন্ত্রাংশের ওপর বর্তমানে আরোপিত শুল্ক MTA-র 2025-29 মূলধনী পরিকল্পনার প্রকৃত পরিমাণকে ব্যাপকভাবে কমিয়ে দিচ্ছে। সম্ভাব্য অতিরিক্ত যে 1 বিলিয়ন ডলার ব্যয়ের কথা বলা হচ্ছে, সেই অর্থ দিয়ে তার পরিবর্তে মেট্রো-নর্থের অধিকাংশ কোচ; লং আইল্যান্ড রেল রোডের ভিড় কমাতে 150টি নতুন M9-A রেল কার; প্রায় 1,000টি নতুন বাস; অথবা 1, 2, 3, 4, 5 এবং 6 নম্বর লাইনের জন্য 250টিরও বেশি সাবওয়ে কার কেনা সম্ভব হতো।

MTA সভাপতি ও মুখ্য নির্বাহী কর্মকর্তা Janno Lieber (জানো লিবার) বলেন, "MTA-তে যাত্রী সংখ্যার রেকর্ড ভাঙার ধারা অব্যাহত থাকায়, পরবর্তী প্রজন্মের রেল-যান বা রোলিং স্টক-এর ক্ষেত্রে আমাদের বিনিয়োগ আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। যাত্রীদের প্রাপ্য সেবা প্রদানের জন্য নতুন সাবওয়ে, বাস ও রেলকার প্রয়োজন। ওয়াশিংটনে আমাদের অংশীদারদের সময় এসেছে আমাদের আমেরিকান কর্মীদের সহায়তা করার এবং করদাতাদের অর্থ দায়িত্বশীলভাবে ব্যয় করার সুযোগ দেওয়ার।"

MTA রোলিং স্টক কর্মসূচি (MTA Rolling Stock Program)-র প্রধান Jessie Lazarus (জেসি লাজারুস) বলেন, "রোলিং স্টকে বিনিয়োগ মানে কেবল আরও আধুনিক ও আরামদায়ক যাত্রার ব্যবস্থায় বিনিয়োগ করা নয়। এটি আমেরিকান কর্মীদের জন্য একটি বিনিয়োগ। MTA আমাদের মূলধনী কর্মসূচি থেকে সর্বোচ্চ সুফল নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ, আর এর অর্থ হলো, নিউ ইয়র্কের ক্রয়ক্ষমতা কমিয়ে দেয় এমন সব নীতির প্রভাব সম্পর্কে সৎ ও খোলামেলাভাবে কথা বলা।"

স্টেট সিনেটর Jeremy Cooney (জেরেমি কুনি) বলেন, "প্রতিদিন সহস্রাধিক নিউ ইয়র্কবাসী মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির দেওয়া পরিষেবার ওপর নির্ভর করেন। এই উন্নয়নমূলক কাজগুলো আর ফেলে রাখা যায় না। 1 বিলিয়ন ডলারের ফেডারেল শুল্ক-সংক্রান্ত এই ঝুঁকির অর্থ হলো, কর্মসংস্থানের সুযোগগুলো স্থগিত হয়ে যাওয়া এবং MTA-র 2025-29 মূলধনী পরিকল্পনায় নিউ ইয়র্কের অবকাঠামো উন্নয়নের যে পূর্ণ সম্ভাবনা রয়েছে, তা আর বাস্তবায়িত না হওয়া। নিউ ইয়র্কের পরিবহন ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল) এর পাশে দাঁড়াতে পেরে আমি গর্বিত।"

President Trump (প্রেসিডেন্ট ট্রাম্প) এর শুল্ক নীতির পরিপ্রেক্ষিতে গভর্নর Hochul (হোকল) এর দেশকে পথ দেখানো পদক্ষেপসমূহ

প্রেসিডেন্ট ট্রাম্প যখন প্রথম তার বিশৃঙ্খল ও ক্ষতিকর শুল্ক নীতিগুলো কার্যকর করেছিলেন, তখন থেকেই কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসী ও ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর অর্থ ফেরত পাওয়ার দাবিতে, গভর্নর Hochul (হোকল) সামনের সারিতে থেকে লড়াই করে আসছেন। চলতি বছরের শুরুর দিকে, গভর্নর যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের কাছে (U.S. Department of Treasury) একটি চিঠি পাঠিয়ে নিউ ইয়র্কবাসীদের 13.5 বিলিয়ন ডলার শুল্ক বাবদ অর্থ অবিলম্বে ফেরত দেওয়ার আহ্বান জানান; পাশাপাশি তিনি স্টেটের বিভিন্ন স্থানে স্থানীয় ব্যবসায়ী নেতাদের সাথে গোলটেবিল বৈঠক করে তাদের ব্যবসায় শুল্কের প্রভাব তুলে ধরেন। আগস্ট মাসে, গভর্নর Hochul (হোকল), নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল James (জেমস) এবং অন্যান্য স্টেটের একটি জোট, বাণিজ্য আইন (Trade Act)-এর আওতায় আরোপিত অবৈধ শুল্ক স্থগিত করার লক্ষ্যে মামলা দায়ের করেন। ফেব্রুয়ারি মাসে, গভর্নর, অর্থনৈতিক ক্ষমতা আইন (Economic Powers Act, IEEPA) অনুসারে ট্রাম্প প্রশাসনের দ্বারা আরোপিত শুল্ককে বেআইনি ঘোষণাকারী মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের একটি প্রধান রায়ের অংশ ছিলেন।

2027 অর্থবছরের অনুমোদিত বাজেটের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) স্টেটের কৃষি উৎপাদকদের জন্য 30 মিলিয়ন ডলারের একটি শুল্ক-ছাড়ের কর্মসূচি চালু করেছেন, যার লক্ষ্য হলো এমন উৎপাদকদের সহায়তা করা যারা আন্তর্জাতিক বাজারের পরিস্থিতির ওপর ব্যাপকভাবে নির্ভরশীল। গভর্নরের ট্যারিফ রিলিফ প্রোগ্রামের মাধ্যমে যোগ্য উৎপাদনকারীদের ন্যূনতম 1,000 মার্কিন ডলার এবং সর্বোচ্চ 25,000 মার্কিন ডলার পর্যন্ত সরাসরি অর্থ প্রদান করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।